

এক জনের প্রতিক্রিয়া

ঢাকাইয়া

সংশ্লুক এর লেখা কবিতা দু'টো পড়লাম। কেন জানি নিজের কাছে মনে হচ্ছে কবিতা দু'টে সম্পর্কে দু'কলম লেখা একটি নৈতিক দায়িত্ব। কারণ কবিতা দু'টি খুবই সময়পোষিণী হয়েছে ও দেশের বর্তমান প্রেক্ষাপটে খুবই বাস্তব দু'টি কবিতা। প্রথম কবিতায় কবির মধ্যে একটি আক্ষেপ প্রকাশ পেয়েছে। যে আক্ষেপ রয়েছে, বর্তমানে দেশের অবস্থার অতি বাস্তব একটি চিত্র। মুক্তিযোদ্ধারা যে সিংহ রাশির যাতক থেকে শিয়াল রাশিতে রূপান্তরিত হয়েছে তা আর ভেঙে বলার অপেক্ষা রাখে না। একটা কথা ভুললে চলবে না মেজর জিয়া অবস্থার পরিপেক্ষিতে মুক্তিযুদ্ধ করলেও তার বোঁ বা ছেলে তো আর মুক্তিযোদ্ধা নন। কারণ নুতন করে তো আর মুক্তি যোদ্ধা হওয়া যায় না। তাই তো তারা আজ দেশের নব্য রাজাকার হয়ে সিংহ বনে গেছে।

২য় কবিতাটি যেনো হৃদয়কে ছুঁয়ে যায়। কবিতাটি পড়ে মনে হয়েছে 'কবির নিজ জীবনে ঘটে যাওয়া কোন ট্রাজিক ঘটনা।' জানি না আমার অনুমানটি সঠিক কিনা? তবে এ ধরনের ট্রাজিক ঘটনা ৭১ এ অনেকের জীবনে অবশ্যই ঘটেছে। কবিতাটিতে মুক্তিযোদ্ধা সহ কমান্ডার রতনের রিক্সার নামটি চমৎকার হয়েছে। যার মধ্যে রয়েছে অতি বাস্তবতা। কবিতা দু'টো জন্য সংশ্লুক-কে আন্তরিক ধন্যবাদ। সেই সংগে আন্তরিক ধন্যবাদ জানাই 'ভিনুমত'কে, কারণ কবিতা দু'টি পাঠকদেরকে উপহার দেবার জন্য। **বি দা য়**

মুক্তিসন ৩৩

ঢাকাইয়া